

অনুশীলনী-১

আশা করি, উপরের অধ্যায়টি পড়ে আপনি বুঝতে পেরেছেন এবং ইকিগাইয়ের চারটি প্রশ্নের মাধ্যমে আপনি আপনার বাস্তবিক ৩৬০ ডিগ্রি ক্যারিয়ার পরিকল্পনা প্রস্তুত করতে পারবেন। পরবর্তী অধ্যায়ে যাবার আগে নিচের ছকটি পূরণের মাধ্যমে আপনি আপনার ৩৬০ ডিগ্রি ক্যারিয়ার পরিকল্পনা লিখে ফেলুন:

আপনি যা করতে ভালোবাসেন	আপনি যে বিষয়ে দক্ষতা রাখেন	আপনি যে দক্ষতা দিয়ে অর্থ উপার্জন করতে পারবেন	সমাজে আপনার কাজটির প্রয়োজন আছে

অনুশীলনী-২

এবার লিখে ফেলুন আপনার সম্ভাব্য ৩৬০ ডিগ্রি ক্যারিয়ার পরিকল্পনা (উপরের স্যাম্পল অনুসারে)

অসংখ্য ধন্যবাদ অনুশীলনীটি সম্পন্ন করার জন্য। পরের অধ্যায়টি আপনার ক্যারিয়ারের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। পরের অধ্যায়টি শেষ করার পরে আপনি নিজেকে নতুনরূপে প্রকাশ করার একটি ধারণা পেয়ে যাবেন। আশাকরি ধৈর্য নিয়ে পড়বেন।

অনুশীলনী-৩

উপরের আত্ম-মূল্যায়ন ছকগুলো পর্যালোচনা করুন এবং সিদ্ধান্ত নিন কোন কোন ক্ষেত্রে উন্নতি আপনার ক্যারিয়ারের সাফল্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। নিচের ছকটিতে এগুলোর জন্য একটি নোট তৈরি করুন।

আপনার ব্যক্তিগত উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রসমূহ এই বক্সে লিখে ফেলুন

অসংখ্য ধন্যবাদ অনুশীলনীটি সম্পন্ন করার জন্য। এখন আপনি শুরু করতে যাচ্ছেন তৃতীয় অধ্যায় যা আপনাকে সাহায্য করবে আপনার ক্যারিয়ারের জন্য একটি টেকসই লক্ষ্য নির্ধারণে। আশাকরি ধৈর্য নিয়ে পড়বেন।

অনুশীলনী-৪

উপরের ৬ মাস+৩মাস+৩মাস পরিকল্পনাটি পর্যালোচনা করুন এবং সিদ্ধান্ত নিন কোন কোন ক্ষেত্রে উন্নতি আপনার ক্যারিয়ারের সাফল্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। নিচের ছকটিতে এগুলোর জন্য একটি তালিকা তৈরি করুন।

সেক্ষেত্রে পরিকল্পনাটি এমন হতে পারে: ৬ মাস+৩মাস+৩মাস

প্রথম ৬ মাসে যা অর্জন করবেন	কর্মপরিকল্পনা
এই স্টেজটি একটু কঠিন হবে। যতটা সম্ভব জ্ঞান, দক্ষতা, মনোভাব বিকাশ করুন।	এই বক্সে ৬ মাসের কর্মপরিকল্পনা লিখে ফেলুন উপরে উল্লেখ করা স্যাম্পল দেখে।

পরবর্তী ৩ মাসে যা অর্জন করবেন	কর্মপরিকল্পনা
এই স্টেজে লোকেরা আপনাকে লক্ষ্য করা শুরু করবে। কাজের অনুসন্ধান করবেন, কাজগুলো বিশ্লেষণ করবেন।	এই বক্সে ৩ মাসের কর্মপরিকল্পনা লিখে ফেলুন উপরে উল্লেখ করা স্যাম্পল দেখে।

শেষের ৩ মাসে যা অর্জন করবেন	কর্মপরিকল্পনা
এই স্টেজে আপনাকে বিভিন্ন জায়গা থেকে ডাক পাওয়া শুরু করবেন। সাক্ষাৎকারে অংশ নিন, ভুলগুলো সন্ধান করুন এবং আপনি কাজ না পাওয়া পর্যন্ত চেষ্টা অব্যাহত রাখুন।	এই বক্সে ৩ মাসের কর্মপরিকল্পনা লিখে ফেলুন উপরে উল্লেখ করা স্যাম্পল দেখে।

অসংখ্য ধন্যবাদ অনুশীলনীটি সম্পন্ন করার জন্য। চতুর্থ অধ্যায়টি আপনি শুরু করতে যাচ্ছে যা আপনাকে কর্মদক্ষতার সাথে পরিচয় করিয়ে দেবে। যেখানে আপনি জানতে পারবেন সংগ্রাম কাকে বলে এবং কিভাবে নিজেকে কর্মক্ষেত্রের জন্য প্রস্তুত করা যায়। আশাকরি মনোযোগ সহকারে পড়বেন।

অনুশীলনী ৫

সেলফ কুইজ	হ্যাঁ	না
আপনি কি নিজেকে ভালোবাসেন?		
আপনি কি আপনার দক্ষতা সম্পর্কে অবগত?		
আপনি কি একজন Pro-Active মানুষ (আপনি হুকুমের অপেক্ষায় থাকেন না)?		
আপনি যা প্রতিজ্ঞা করেন সেটা কি যেকোনো মূল্যে রক্ষা করেন?		
আপনি কি আপনার পোশাকের ব্যাপারে অত্যন্ত সচেতন?		
আপনি কি সবসময় আপনার সুস্বাস্থ্যের ব্যাপারে সচেতন?		
আপনি কি সময়ের মূল্য সম্পর্কে সচেতন?		
আপনি অযথা সময় অপচয় করেন?		
আপনি যা বলেন সেটা কি বুঝে বলেন! আপনি যা পড়েন সেটা কি বুঝে পড়েন! আপনি যা লেখেন সেটা কি বুঝে লেখেন?		
আপনার কাজ কী সেটা আপনি কি ভালো করে জেনে নেন এবং যদি না জানেন তাহলে কি নিজ দায়িত্বে সেটা বুঝে নেন?		
আপনি কি নির্ধারিত সময়ের মধ্যেই আপনার কাজ সম্পন্ন করতে পারেন এবং সময়ের আগেই কি সেটা জমা দেন?		
আপনি কি অগ্রাধিকার ভিত্তিতে কাজ বাছাই করে সম্পন্ন করতে পারেন?		
আপনি কি একজন টিম প্লেয়ার?		
আপনি কি সঠিক সময় সিদ্ধান্ত নিতে জানেন?		
আপনি কি মানুষের সাথে সম্মান বজায় রেখে কাজ করেন?		
আপনি কি গঠনমূলক সমালোচনা করতে পারেন এবং প্রয়োজনে গোপনীয়তা রক্ষা করতে পারেন?		
যেখানে প্রশংসার প্রয়োজন সেখানে আপনি কার্পণ্য করেন?		
আপনি কি সবকিছুকেই ইতিবাচক দৃষ্টিতে দেখার চেষ্টা করেন আগে?		
‘তুমিও জিতবে আর আমিও জিতব’ আপনি এই নীতিতে বিশ্বাসী?		
আপনি ব্যঙ্গাত্মকমূলক মন্তব্য করা থেকে বিরত থাকেন?		
সবচেয়ে বড় কথা আপনি কি হাসতে জানেন?		

অনুশীলনী ৬

যে বিষয়গুলোর পাশে আপনি 'না' সূচক চিহ্ন দিয়েছেন সেগুলো নিচে উল্লেখ করুনঃ	'না' সূচকগুলোকে 'হ্যাঁ' সূচকে রূপান্তর করার জন্য কি পদক্ষেপ নেন উল্লেখ করুন।	কবে থেকে শুরু করবেন	কবে শেষ করবেন

অসংখ্য ধন্যবাদ অনুশীলনীটি সম্পন্ন করার জন্য। এখন আপনি শুরু করতে যাচ্ছেন ৫ম অধ্যায় যা আপনাকে গতিশীল জীবনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ সফটস্কিলসের সাথে পরিচয় করিয়ে দেবে। আশাকরি ধৈর্য নিয়ে পড়বেন।

অনুশীলনী ৭

আমি জানি না এই সফটস্কিলস নিয়ে আমার এই অধ্যায়টি আপনাদের কেমন লেগেছে। যদি ভালো লাগে এবং যদি বিশ্বাস করেন যে জীবন মানেই সফটস্কিলস তাহলে আপনার জন্য এখানে একটি অ্যাক্টিভিটি আমি সংযুক্ত করতে চাই। আপনারা সবাই জানেন লার্নিং নিশ্চিত করার সর্বশেষ ধাপ হলো অন্যের সাথে অর্জন করা জ্ঞান বা দক্ষতা বা আচরণ ভাগ করে নেয়া। আমি এই অধ্যায়টিতে যে ১৪টি সফটস্কিলস নিয়ে আলোচনা করেছি সেগুলোর প্রত্যেকটি নিয়ে একটু বৃহৎ পরিসরে গবেষণা করুন। গুগলকে প্রশ্ন করুন, ইউটিউবের মাধ্যমে বিভিন্ন ভিডিও দেখুন, ফেসবুক বা লিংকডইনের মাধ্যমে বিভিন্ন অভিজ্ঞ মানুষদের সাথে আলাপে বসুন। তারপর আপনারা একটি করে ৫ থেকে ১০ মিনিটের মধ্যে আপনার স্মার্টফোন ব্যবহার করে ভিডিও বানিয়ে আপনার নিজের নামে খোলা ইউটিউব চ্যানেলে আপলোড করুন। পাশাপাশি সেই একই ভিডিও আপনার নিজস্ব লিংকডইন বা ফেসবুক বা ইন্সটাগ্রামে পাবলিক পোস্ট করুন। এই অ্যাক্টিভিটির মাধ্যমে আপনি যা পাবেন তাহলো আপনার নিজের করা ১৪টি সফটস্কিলসের উপর অন্তত ২৮টি ভিডিও (যদি প্রতিটি সফটস্কিলসের উপর অন্তত দুটি করে ভিডিও বানিয়ে বন্ধুদের সাথে শেয়ার করেন) যার মাধ্যমে আপনি পেতে পারেন সুনাম, খ্যাতি, সাবাসী, আরো কিভাবে উন্নত করা যায় তার জন্য পরামর্শ এবং সর্বোপরি প্রচার যার মাধ্যমে আপনি মানুষের নজরে চলে আসবেন। এই অ্যাক্টিভিটির ফলাফল কেমন হচ্ছে তা নিচের ছকের মাধ্যমে পর্যবেক্ষণ করুন:

ভিডিও সংখ্যা	সফটস্কিলসের নাম	ভিডিও পাবলিশ করার তারিখ	কমেন্টের সংখ্যা	লাইকের সংখ্যা	শেয়ারের সংখ্যা	ইতিবাচক মতামতের সংখ্যা	নেতিবাচক মতামতের সংখ্যা	সরাসরি ফোন পাবার সংখ্যা	সুযোগের সংখ্যা

আমি নিশ্চিত এই অধ্যায়টির মাধ্যমে আপনি যদি অন্তত আগামী ৬ মাসের একটি পরিকল্পনা করেন, তাহলে পরবর্তী ৬ মাসের মধ্যে আপনার কাছে সুযোগ দেখা দিতে শুরু করবে।

অসংখ্য ধন্যবাদ অনুশীলনীটি সম্পন্ন করার জন্য। এখন আপনি শুরু করতে যাচ্ছেন ৬ষ্ঠ অধ্যায় যা আপনাকে আধুনিক জগতের সাথে তাল মিলিয়ে চলতে সাহায্য করবে। আশাকরি ধৈর্য নিয়ে পড়বেন।

অনুশীলনী ৯

উপরে উল্লেখিত দক্ষতাগুলো যদি আপনার ভেতর না থাকে তাহলে সেগুলোর উন্নয়নের একটি পরিকল্পনা নিচের ছকের মাধ্যমে তৈরি করুন:

দক্ষতার নাম যেটি আপনি উন্নত করবেন	কবে থেকে শুরু করবেন?	কবে নাগাদ শেষ করবেন?	কোথায় করবেন সেটি উল্লেখ করুন	কিভাবে শিখবেন সেটি উল্লেখ করুন
উদাহরণ: এমএস এক্সেল	১৪ এপ্রিল	১৪ জুন	বাংলাদেশ স্কিল ডেভেলপমেন্ট ইন্সটিটিউটে, ঢাকা।	<ul style="list-style-type: none">নিয়মিত ক্লাস করেঅনলাইন ভিডিও দেখেব্যক্তিগত কাজে ব্যবহার করো একজন অভিজ্ঞ মানুষের সাথে সখ্যতা গড়ার মাধ্যমে

অসংখ্য ধন্যবাদ অনুশীলনীটি সম্পন্ন করার জন্য। এখন আপনি শুরু করতে যাচ্ছেন ৭ম অধ্যায় যেখানে আপনি একটি মডেলের সাথে পরিচিত হবেন যা আপনাকে সবসময় সক্রিয় থাকতে সাহায্য করবে। আশাকরি ধৈর্য নিয়ে পড়বেন।

অনুশীলনী ১০ – ইমেইল/এসএমএস/ফোনলাপ

আপনি এ পর্যন্ত যতগুলো ভিজিটিং কার্ড সংগ্রহ করেছেন সেখান থেকে ৫০টি ইমেইল এবং মোবাইল নম্বর সংগ্রহ করে ইমেইল এবং এসএমএস-এর মাধ্যমে নিজের পরিচিতি দিন। মনে রাখবেন আপনার ইমেইল/এসএমএস হতে হবে প্রশংসা নির্ভর (উপরে বিবরণ দেবার চেষ্টা করেছি) এবং ফোন করার সময় অবশ্যই আপনার ভয়েস টোন হতে হবে “Happy Hello” এবং খুবই সংক্ষিপ্ত। যোগাযোগের এই ক্ষেত্রে আপনি

- আপনার পরিচয় দেবেন (কোথায় পড়াশোনা বা কাজ করছেন)।
- কোথায় দেখা হয়েছিল সেটি উল্লেখ করবেন।
- আপনার অন্তত একটি বা দুটি দক্ষতার কথা উল্লেখ করবেন।
- ওই মানুষটির কোন একটি দক্ষতা বা জ্ঞান আপনাকে অনুপ্রাণিত করে সেটি উল্লেখ করবেন।
- পরিশেষে ধন্যবাদ জানাবেন ওই আলোচনায় সময় দেবার জন্য।

অনুশীলনী ১১- কাজের বিবরণী দেখে কর্মবাজারের স্কিল রিসার্চ

আপনার পছন্দ বা আগ্রহী এমন ২০টি কাজের ওপর গবেষণা করে সেখান থেকে দক্ষতার একটি তালিকা বের করবেন এবং সে মোতাবেক নিজের দক্ষতা উন্নয়ন করবেন। এই ক্ষেত্রে আপনি বিভিন্ন দেশি বা বিদেশি জব পোর্টালের সাহায্য নেবেন।

অনুশীলনী ১২- প্রেজেন্টেশন

প্রতিদিন ১০ মিনিট করে হাতের সামনে যা পাবেন তার ওপর একটি স্ক্রিপ্ট তৈরি করে আয়নার সামনে দাঁড়িয়ে কথা বলবেন এবং আপনার কথা মোবাইলে রেকর্ড করবেন। তারপর নিজের আওয়াজ নিজেই শুনবেন। আপনি নিজেই যখন দেখবেন আপনি অনর্গল কথা বলতে পারছেন, তখন নিজের মোবাইল দিয়ে নিজেকে ভিডিও করবেন। ধীরে আপনি আত্মবিশ্বাস অর্জন করবেন এবং তারপর নিজের ভিডিও হালকা এডিট করে আপনার ইউটিউব চ্যানেলে আপলোড করুন এবং সোস্যাল মিডিয়ার বন্ধুদের কাছ থেকে ফিডব্যাক সংগ্রহ করুন।

অসংখ্য ধন্যবাদ অনুশীলনীগুলো সম্পন্ন করার জন্য। এখন আপনি শুরু করতে যাচ্ছেন ৯ম অধ্যায় যেখানে আপনি কর্মক্ষেত্রে নিজেকে টপ পারফরমার হিসেবে ধরে রাখতে প্রশাসনিক দক্ষতার সম্পর্কে বিস্তারিত ধারণা পাবেন। আশাকরি ধৈর্য নিয়ে পড়বেন।

অনুশীলনী ১৩- একুশ দিনের চ্যালেঞ্জ

- ১) নিজের কম্পিউটার/মোবাইলের কিবোর্ড ব্যবহার করে টাইপিং স্পিড বৃদ্ধি করুন আগামী ২১ দিনের কঠিন অনুশীলনের মাধ্যমে।
- ২) যেভাবেই হোক আপনি প্রিন্টার / জেরক্স মেশিন, ফ্যাক্স / ইন্টারনেট / হার্ডওয়্যার / সফটওয়্যার, টেলিফোন / মোবাইল / পিসি / ল্যাপটপ যাবতীয় ব্যবহার এবং সাময়িক সমস্যার সমাধানের ব্যাপারে দক্ষতা অর্জন করুন।
- ৩) আগামী ২১ দিন প্রতিদিন ফজরের আজানের সময় ঘুম থেকে ওঠার অনুশীলন করুন, ইবাদতের মাধ্যমে দিন শুরু করুন, হালকা শরীর চর্চা করুন, প্রযুক্তি ব্যবহার করে দেশ বিদেশের খবর জানুন। অন্তত ১০ মিনিটের একটি শিক্ষামূলক ভিডিও দেখুন এবং মন ভালো হয়ে যায় এমন মানুষের সাথে অন্তত ১০ মিনিট কথা বলে ঘর থেকে বেরিয়ে পড়ুন।
- ৪) আগামী ২১ দিন আরেকটি বিষয় চর্চা করবেন কারো কথায় তৎক্ষণিক মন্তব্য না করার অনুশীলন করুন এবং সময়ের কাজ সময়ে করার এবং জমা দেবার চেষ্টা করুন।

অসংখ্য ধন্যবাদ অনুশীলনীটি সম্পন্ন করার জন্য। এখন আপনি শুরু করতে যাচ্ছেন ১০ম অধ্যায় যেখানে নিজেকে পরিচিত করবার বিভিন্ন কৌশল সম্পর্কে জানতে পারবেন। আশাকরি ধৈর্য নিয়ে পড়বেন।

অনুশীলনী ১৪

উপরে বর্ণিত পদ্ধতি বা নিজের ব্যক্তিগত গবেষণা বা অভিজ্ঞ কারো পরামর্শের মাধ্যমে নিজের সিডি বানিয়ে লিংকডইনের মাধ্যমে আগামী ২১ দিনের মধ্যে অন্তত ১০০ জনের কাছ থেকে ফিডব্যাক সংগ্রহ করুন। সেই ফিডব্যাকগুলো নিয়ে নিজের সিডির প্রয়োজনীয় জায়গায় আপডেট করুন।

অনুশীলনী ১৫

উপরে বর্ণিত পদ্ধতি বা নিজের ব্যক্তিগত গবেষণা বা অভিজ্ঞ কারো পরামর্শের মাধ্যমে নিজের ভিডিও রেজুমে বানিয়ে আপনার ইউটিউব চ্যানেলে আপলোড করে নিজের লিংকডইন ও ফেসবুকের মাধ্যমে আগামী ২১ দিনের মধ্যে অন্তত ১০০ জনের কাছ থেকে ফিডব্যাক সংগ্রহ করুন। সেই ফিডব্যাকগুলো নিয়ে নিজের ভিডিও রেজুমের প্রয়োজনীয় জায়গায় আপডেট করুন।

অনুশীলনী ১৬

উপরে বর্ণিত পদ্ধতি বা নিজের ব্যক্তিগত গবেষণা বা অভিজ্ঞ কারো পরামর্শের মাধ্যমে নিজের একটি ওয়েবসাইট বানিয়ে আপনার নিজের লিংকডইন ও ফেসবুকের মাধ্যমে আগামী ২১ দিনের মধ্যে অন্তত ১০০ জনের কাছ থেকে ফিডব্যাক সংগ্রহ করুন।

অনুশীলনী ১৭

আপনার সকল সোশ্যাল মিডিয়া, ইমেইল, অনলাইন মিটিং প্ল্যাটফর্মসহ সকল জায়গায় আপনার প্রোফাইল আপডেট করুন বিশেষ করে।

- আপনার প্রফেশনাল ছবি,
- আপনার নিজের সম্পর্কে বিশেষ কিছু লাইন যেখানে আপনার বিশেষ দক্ষতার কথা উল্লেখ থাকবে।
- যদি নেতিবাচক কোন পোস্ট আপনি নিজে বা অন্য কারো পোস্ট শেয়ার করে থাকেন তাহলে অতি শীঘ্রই সেগুলো সরিয়ে ফেলুন।

এরপর প্রতিদিন আপনার জীবনে ঘটে যাওয়া কর্মজীবন বা শিক্ষাজীবনের সাথে সম্পর্কিত তথ্য বন্ধুদের সাথে শেয়ার করুন। পাশাপাশি আপনি চেনেন বা জানেন এমন মানুষের পোস্ট করা কন্টেন্টে ইতিবাচক মন্তব্য করুন।

অসংখ্য ধন্যবাদ অনুশীলনীগুলো সম্পন্ন করার জন্য। এখন আপনি শুরু করতে যাচ্ছেন ১১ম অধ্যায় যেখানে জানতে পারবেন সঠিকভাবে কর্মের জন্য আবেদন করার কৌশল। আশাকরি ধৈর্য নিয়ে পড়বেন।

অনুশীলনী ১৮

আপনার স্বপ্নের ১০০টি প্রতিষ্ঠানকে নিয়ে নিচের ছক অনুযায়ী গবেষণা করুন। সময় আগামী ২১ দিন

প্রতিষ্ঠানের নাম	
প্রতিষ্ঠা বছর	
ব্যবসার ধরন	এফএমসিজি বহুজাতিক লোকাল গ্রুপ স্থানীয় মালিকানা
তারা কী ধরনের পণ্য বা পরিষেবা নিয়ে কাজ করছে	
মালিক কে	
বার্ষিক টার্নওভার কত	
কত লোক কাজ করছে	
তাদের সাম্প্রতিক অর্জনগুলো কী	
তাদের ভিশন ও মিশন কী?	
আপনি এমন কতজনকে জানেন যারা সেই প্রতিষ্ঠানে কাজ করছেন বা এই প্রতিষ্ঠান সম্পর্কে তথ্য জানেন।	
ওয়েবসাইট লিংক	
লিঙ্কডইন প্রোফাইল / লিঙ্কডইন পেইজ লিঙ্ক	
ফেসবুক প্রোফাইল / ফেসবুক পেইজ লিঙ্ক	
কোম্পানির অবস্থান কোন জায়গায় (স্থান)	
তাদের ভবিষ্যৎ পরিকল্পনা কি	
তাদের যোগাযোগের ঠিকানা/ফোন নম্বর	
তাদের স্লোগান	

অনুশীলনী ১৯

এ পর্যন্ত যত জায়গায় স্বেচ্ছাসেবী/পার্টটাইম/ফুলটাইম কাজ করেছেন সেখান থেকে আপনার জন্য প্রশংসাপত্র সংগ্রহ করুন। পাশাপাশি যত জায়গায় পড়াশোনা বা প্রশিক্ষণ নিয়েছেন, সেখান থেকে সনদপত্র ও মার্কশিট উত্তোলন করুন এবং ফোল্ডারে সাজিয়ে রাখুন। পাশাপাশি সেগুলোর স্ক্যান করে আপনার গুগল ড্রাইভে সংরক্ষণ করুন।

অনুশীলনী ২০

আমি বিশ্বাস করি এই বইটির এ পর্যন্ত আসতে গিয়ে পাশাপাশি ১৯টি অনুশীলনী সম্পন্ন করার মাধ্যমে আপনি ইতিমধ্যে যেকোনো প্রতিষ্ঠানে আপনার দক্ষতা অনুযায়ী জব সাকুলারে আবেদন করার যোগ্যতা অর্জন করে ফেলেছেন। তাই দেরি না করে দেশের প্রতিষ্ঠিত যত অনলাইন জব পোর্টাল আছে সেখানে নিজের প্রোফাইল তৈরি করে ফেলুন এবং সেখান থেকে বাছাই করে আপনার পছন্দের কাজে আবেদন করা শুরু করুন। কোন সংকোচ রাখবেন না। মনে রাখবেন বেশি হলে তারা আপনাকে ডাকবে না। অন্তত আপনার কোন আপসোস থাকবে না।

অসংখ্য ধন্যবাদ অনুশীলনীগুলো সম্পন্ন করার জন্য। এখন আপনি শুরু করতে যাচ্ছেন ১২তম অধ্যায় যেখানে জানতে পারবেন সঠিকভাবে ইন্টারভিউ দেবার কৌশল। আশাকরি ধৈর্য নিয়ে পড়বেন।

অনুশীলনী ২১

আমি নিশ্চিত বইটির এ পর্যায়ে এসে আপনার কাছে অন্তত একটি ইন্টারভিউর ডাক আছে। তাই দেরি না করে এখনই ওই প্রতিষ্ঠান সম্পর্কে একটু গবেষণা করে ফেলুন। পাশাপাশি নিচের ১২টি প্রশ্নের উত্তর সাজিয়ে লিখে ফেলুন:

নিয়োগকর্তার সম্ভাব্য প্রশ্ন	আপনার উত্তর
Tell me something about yourself?	
Why should we hire you?	
Why do you want to join our Company?	
What do you do in your spare time?	
Would you mind to tell us something about your values or what are your workplace ethics?	
What is your greatest strengths and weaknesses?	
How do you react on criticism?	
If we hire you, how long you'd stay with us?	
what makes you different from other candidates?	
What Do you know about our company?	
What is your salary expectation?	
What Do you know about our company?	